**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date : 08-05-2026** **Desk in Charge : K.L.**

**Time : 1:30 PM** **Edit. & Compile : Sreyashi R.**
**DEO : KB** **NRT : Prabir B.**
**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর -

১। পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু, কেরলম বিধানসভায় নতুন সরকার গঠনের তোড়জোড় শুরু হয়েছে। **#**পশ্চিমবঙ্গে পরবর্তী মুখ্যমন্ত্রীর নাম চূড়ান্ত করতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ নব নির্বাচিত বিধায়কদের সঙ্গে বৈঠকে বসছেন।

২। ভারতের প্রতিরক্ষগা গবেষণা ও উন্নয়ন সংস্থা DRDO বায়ু সেনা, গতকাল পরীক্ষামূলকভাবে 'ট্রাক্টিকাল অ্যাডভান্সড রেঞ্জড অগমেন্টেশন' বা 'তারা' অস্ত্রের সফল ক্ষেপণ সম্পন্ন করেছে।

৩। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরান যাতে পারমণাবিক শক্তি অর্জন করতে না পারে সেই লক্ষ্যে মার্কিন দেশের সঙ্গে ইউরোপীয় ইউনিয়ন ঐক্যবদ্ধ হয়ে কাজ করবে।

৪। বাংলাদেশে, হামের প্রাদুর্ভাব উদ্বেগজনক অবস্থায় পৌঁছেছে। গত ২৪ ঘণ্টায় সেদেশে হামে আক্রান্ত হয়ে আরো ১২জন শিশুর মৃত্যু হয়েছে।

৫। IPL ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স, দিল্লি ক্যাপিটালসের-এর মুখোমুখি হবে। **#**দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যায় সাড়ে সাতটায়।

******************************************************************

পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু, কেরালাম বিধানসভায় নতুন সরকার গঠনের তোড়জোড় শুরু হয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা অন্যতম বরিষ্ঠ বিজেপি নেতা অমিত শাহ্ আজ কলকাতায় এসেছেন। বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান, দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, বিজেপি নেতা শুভেন্দু অধিকারী, নিশীথ প্রামানিক ও দিলীপ ঘোষ সহ দলীয় নেতারা। সেখান থেকে তিনি দক্ষিণেশ্বর মন্দিরে গিয়ে পুজো দেন।

এরপর অমিত শাহ, বিশ্ব বাংলা কনভেনশন সেন্টারে দলের নির্বাচিত বিধায়কদের সঙ্গে বৈঠক করবেন। আজই চূড়ান্ত হয়ে যাবে রাজ্যের পরবর্তী মুখ্যমন্ত্রীর নাম। ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে আগামীকাল শপথ নেবে নতুন সরকার।

এদিকে শপথগ্রহণ অনুষ্ঠানকে কেন্দ্র করে কড়া নিরাপত্তার বন্দোবস্ত করছে পুলিশ। প্রায় ৪ হাজার পুলিশ কর্মী ওই দিন মোতায়েন থাকবে। থাকবে কেন্দ্রীয় বাহিনী এবং 'কুইক রেসপন্স টিম'। এলাকার বিভিন্ন বহুতল থেকেও নজরদারি চালানো হবে।

************************

অসমে বিজেপি নেতৃত্বাধীন NDA সরকার আগামী ১২ই মে শপথ গ্রহণ করবে। এই নিয়ে টানা তৃতীয়বার রাজ্যের সরকার গড়বে তারা। গুয়াহাটিতে এই শপথগ্রহণ অনুষ্ঠানের জন্য গতকাল এক উচ্চ পর্যায়ের বৈঠক হয়। বিজেপির রাজ্য সভাপতি দিলীপ সাইকিয়া সহ অন্য কর্মকর্তারা সেখানেই উপস্থিত ছিলেন।

পরে এক সাংবাদিক বৈঠকে শ্রী সাইকিয়া জানান, খানাপারায় কলেজ ময়দানে শপথ গ্রহণ অনুষ্ঠান হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, প্রধান অতিথির আসন অলঙ্কৃত করবেন। উপস্থিত থাকবেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন সহ NDA শাসিত রাজ্যগুলির মুখ্যমন্ত্রী ও উপমুখ্যমন্ত্রীরা। তিনি জানান, আগামী রবিবার, বিজেপির পরিষদীয় দলের বৈঠক ডাকা হয়েছে। পরিষদীয় দলের নেতা নির্বাচনে পর্যবেক্ষক হিসেবে দলের প্রাক্তন সর্বভারতীয় সভাপতি, স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা এবং হরিয়ানার মুখ্যমন্ত্রী নাওয়াব সিং সাইনি বৈঠকে যোগ দেবেন।

************************

তামিলনাড়ুতে সরকার গঠন প্রক্রিয়ায় বিলম্বের জেরে রাজনৈতিক পরিস্থিতি ক্রমশ জটিল হয়ে উঠছে। সংখ্যাগরিষ্ঠতা প্রমাণের জন্য প্রয়োজনীয় ১১৮-র সংখ্যা বা 'ম্যাজিক ফিগার' স্পর্শ করতে বিভিন্ন শিবিরে দফায় দফায় আলোচনা চলছে গতকালই নবনির্বাচিত বিধায়কদের নিয়ে পৃথকভাবে বৈঠক করেছে DMK এবং AIADMK।
অন্যদিকে, পুদুচেরিতে আয়োজিত এক বৈঠ এআইএডিএমকে-র পরিষদীয় দলনেতা হিসেবে নির্বাচিত হয়েছেন দলের সাধ সম্পাদক এডাপ্পাদি পালানিস্বামী। রাজ্যের বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপটে আজ VCK, CPI, CPIM-এর নবনির্বাচিত বিধায়কদের বৈঠক অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মনে হচ্ছে। রাজ্যপাল বিশ্বনাথ আরলেকারের নির্দেশ অনুযায়ী, একক বৃহত্তম দলটি, TVK-কে সমর্থন দেওয়ার বিষয়ে এই বাম ও আঞ্চলিক দলগুলি কী অবস্থ সেদিকেই তাকিয়ে রয়েছে রাজনৈতিক মহল।

************************

কেরালমে নতুন মুখ্যমন্ত্রী পদপ্রার্থী নির্বাচনের জন্য গতকাল তিরুবনন্তপুরমে কংগ্রেস বিধায়ক দলের এক বৈঠক হয়েছে। তবে এই বৈঠকে সম্ভাব্য মুখ্যমন্ত্রীর বিষয়ে কোনো সিদ্ধান্ত হয়নি। কংগ্রেস হাই কমান্ডের পক্ষ থেকে নবনির্বাচিত প্রত্যেক বিধায়কদের সঙ্গে আলোচনা হয়েছে। দলের কেন্দ্রীয় পর্যবেক্ষকদের কাছ থেকে মতামত জানার পরই কংগ্রেসের জাতীয় নেতৃত্ব এ বিষয়ে তাদের সিদ্ধান্ত জানাবে বলে জানা গেছে।

************************

বিদেশ মন্ত্রী ডঃ এস জয়শঙ্কর বিশ্বের অর্থনীতিতে স্থিতিশীলতায় ভারতের ক্রমবর্ধমান ভূমিকার কথা তুলে ধরেন। আন্তর্জাতিক সমৃদ্ধিতে ভারতের গুরুত্বের কথাও বলেন তিনি। সুরিনামের বিভিন্ন স্তরের প্রতিনিধিদের উদ্দেশ্যে দেওয়া দেওয়া একটি ভাষণে এই বক্তব্য রাখেন বিদেশ মন্ত্রী। তিনি আইএমএফের পরিসংখ্যানও তুলে ধরেন। বিশ্বের সার্বিক জিডিপি বৃদ্ধিতে ভারতের অবদান ১৭ শতাংশ। তিনিবলেন, এই পরিসংখ্যান প্রমাণ করে, বিশ্বের নিরিখে ভারতের অর্থনীতি দ্রুত সম্প্রসারিত হচ্ছে।

( বাইট- জয়শঙ্কর )

************************

বিদেশ প্রতিমন্ত্রী কীর্তি বর্ধন সিং বলেন, ভারতের অভিবাসন নীতি প্রবাসীদের সুরক্ষা, তাঁদের দেশ ছাড়া ও দেশে প্রত্যাবর্তনে আন্তর্জাতিক সহযোগিতা ও সার্বিক ব্যবস্থাপনার গুরুত্বকে তুলে ধরে। মন্ত্রী নিউ ইয়র্কে রাষ্ট্রসংঘের স্থায়ী মিশনে দ্বিতীয় আন্তর্জাতিক অভিবাসন সমীক্ষা মঞ্চে বিভিন্ন দেশের প্রতিনিধিদের উদ্দেশ্যে দেওয়া ভাষণে এই কথা বলেন। ভারত প্রবাসীদের বিভিন্ন দেশে সুষ্ঠু ও নিরাপদ যাতায়াতের জন্য ২৩ টি দেশের সঙ্গে দ্বিপাক্ষিক ও সমঝোতা স্মারক পত্র মৌ চুক্তি স্বাক্ষর করেছে বলেও উল্লেখ করেন তিনি। ভারতের অভিবাসন নীতি মূলত মানুষের কথা ভেবেই নির্ধারণ করা হয়েছে বলে মতব্যক্ত করেন কীর্তি বর্ধন সিং।

************************

ভারতের প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন সংস্থা ডিআরডিও ও ভারতীয় বায়ু সেনা গতকাল ওড়িশার উপকূলে পরীক্ষা মূলক ভাবে ট্যাক্টিকাল অ্যাডভান্সড রেঞ্জ অগমেন্টেশন বা 'তারা' TARA অস্ত্রের সফল উৎক্ষেপণ সম্পন্ন করেছে। প্রতিরক্ষা মন্ত্রক একটি বিবৃতিতে জানায়, মডিউলার রেঞ্জ সম্প্রসারণ অস্ত্র হিসেবে TARA দেশের প্রথম দেশীয় পদ্ধতিতে তৈরি গ্লাইড অস্ত্র। যা যে কোনও দিক নির্দেশ হীন অস্ত্রকে সঠিক দিকে ক্ষেপণ করতে সক্ষম। এই অস্ত্র ভূমি সংলগ্ন লক্ষ্যবস্তুকেও নিষ্ক্রিয় করতে সক্ষম। মন্ত্রক আরও জানায়, এই অস্ত্রের নকশা ডিআরডিও এর বিভিন্ন গবেষণাগারের সহায়তায় হায়দ্রাবাদের গবেষণা কেন্দ্র 'ইমারত' এ তৈরি।

************************

রেলের নিরাপত্তা সুনিশ্চিত করতে ভারতীয় রেল উত্তর রেলের গুরুত্বপূর্ণ রুটগুলোতে দেশীয় নিজস্ব পদ্ধতিতে তৈরি স্বয়ংক্রিয় কবচ সুরক্ষা ব্যবস্থার জন্য ৩৬২ কোটি টাকা প্রকল্পের অনুমোদন করেছে। এর মধ্যে রয়েছে জম্মু ও ফিরোজপুর শাখার মোট ৪৭৮ কিলোমিটারের উল্লেখযোগ্য রুট। রেল মন্ত্রক জানায়, রেলের আধুনিকীকরণ ও নিরাপত্তা সুনিশ্চিত করতে এই কবচ ব্যবস্থা চালু করা হবে। এই প্রযুক্তির মাধ্যমে সংঘর্ষ এড়াতে স্বয়ংক্রিয় ব্রেক ব্যবহার করা যাবে।

*************************

চলতি বছরের মাধ্যমিক পরীক্ষার ফল আজ প্রকাশিত হয়েছে। মোট পাশের হার ৮৬ দশমিক আট/তিন শতাংশ। এবার পরীক্ষা দিয়েছিল ৯ লক্ষ ৭১ হাজার পরীক্ষার্থী।

*************************

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন যে, ইরান যাতে কখনই পারমাণবিক শক্তি অর্জন করতে না পারে তা নিশ্চিত করার বিষয়ে মার্কিণ যুক্তরাষ্ট্র এবং ইউরোপীয় ইউনিয়ন ঐকবদ্ধ হয়ে কাজ করবে।। সামাজিক মাধ্যেম দেওয়ান এক পোস্টে ট্রাম্প জানান, তিনি ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট উরসুলা ভন ডের লিয়েনের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন, পশ্চিম এশিয়া নিয়ে তাঁর সঙ্গে আলোচনা অত্যন্ত ফলপ্রসু হয়েছে বলেও তিনি জানিয়েছেন।

*************************

মার্কিন নৌবাহিনীর জাহাজগুলোর ওপর ইরানের হামলার জবাবে মার্কিন সেনা ইরানের সামরিক ঘাঁটিগুলোতে হামলা চালিয়েছে। ইরানের সরকারি সংবাদ মাধ্যমও পশ্চিম তেহরানে বিস্ফোরণের শব্দ ও গোলাগুলি চলার খবর দিয়েছে। দক্ষিণ ইরানে বন্দর আব্বাসের কাছে বিস্ফোরণের শব্দ শোনা গেছে। ওয়াশিংটন জানিয়েছে,তারা সংঘাত বাড়াতে চায় না,তবে নিজেদের বাহিনীর নিরাপত্তা রক্ষায় সর্বদা প্রস্তুত রয়েছে। এর আগে ইরান হরমুজ প্রণালিতে মার্কিন নৌবাহিনীর তিনটি জাহাজে হামলা চালালে মার্কিন সেনাবাহিনী সেই হামলা প্রতিহত করে।

ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পস আইআরজিসি দাবি করেছে, মার্কিন যুক্তরাষ্ট্র ইরানের তেলবাহী ট্যাঙ্কার সহ একটি জাহাজে আক্রমণ করায় তারা মার্কিন জাহাজ লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালিয়েছে।

*************************

প্রতিবেশী দেশ বাংলাদেশে হামের প্রাদুর্ভাব উদ্বেগজনক পর্যায়ে পৌঁছেছে। গত ২৪ ঘন্টায় সেদেশে হামে আক্রান্ত হয়ে আরো ১২জন শিশুর মৃত্যু হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের সর্বশেষ প্রতিবেদন অনুযায়ী, মৃত শিশুদের মধ্যে ৬ জনই ঢাকা বিভাগের। এছাড়া বরিশাল, খুলনা, ময়মনসিংহ, রাজশাহী এবং সিলেট থেকেও মৃত্যুর খবর পাওয়া গেছে। গত ১৫ই মার্চ থেকে শুরু হওয়া এই প্রাদুরর্ভাবে বাংলাদেশে এখনও পর্যন্ত সরকারিভাবে ৫৭ জন শিশুর মৃত্যু হামজনিত কারণে নিশ্চিত করা হয়েছে। তবে হামের মতো উপসর্গ নিয়ে প্রাণ হারিয়েছে আরও ২৭৯ জন শিশু। বর্তমানে দেশজুড়ে ৪৫ হাজারেরও বেশি শিশু অসুস্থ এবং প্রায় ৩১ হাজার শিশুকে হাসপাতালে ভর্তি করতে হয়েছে। গত ২৪ ঘণ্টাতেই নতুন করে ১ হাজার ২৩৮ জন শিশুর দেহে এই রোগের উপসর্গ দেখা দিয়েছে।

**************************

কলকাতা নাইট রাইডার্স আজ IPL-এর ম্যাচে দিল্লি ক্যাপিটালসের বিরুদ্ধে খেলবে। দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। অন্যদিকে, লখনউয়ের অটল বিহারি বাজপেয়ী একানা ইন্টারন্যাশনাল ক্রিকেট স্টেডিয়ামে বৃষ্টিবিঘ্নিত ম্যাচে লখনউ সুপার জায়েন্টস ৯ রানে রয়াল চ্যালেঞ্জারস ব্যাঙ্গালুরুকে হারিয়ে দিয়েছে। জয়ের জন্য ২১৩ রানের লক্ষ্য তাড়া করতে নেমে বেঙ্গালুরু নির্ধারিত ১৯ ওভারে ৬ উইকেটে ২০৩ রান করে। এর আগে টসে হেরে প্রথমে ব্যাট করতে নেমে লখনউ ১৯ ওভারে ৩ উইকেটে ২০৯ রান তোলে। একাধিকবার বৃষ্টির কারণে খেলা বন্ধ হয়ে যাওয়ায় ম্যাচটি ১৯ ওভারের করা হয় এবং ডাকওয়ার্থ-লুইস-স্টার্ন পদ্ধতিতে বেঙ্গালুরুর সামনে ২১৩ রানের লক্ষ্য নির্ধারণ করা হয়।

লখনউয়ের হয়ে মিচেল মার্শ ৫৬ বলে ১১১ রান করেন। বেঙ্গালুরুর হয়ে রজত পাতিদার ৩১ বলে ৬১ রান করেন। মিচেল মার্শ ম্যাচের সেরা নির্বাচিত হন।

********************************************************************